

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: মাতারবাড়ীসহ অন্যান্য বন্দর থেকে পানগাঁও রুটে চলাচলের জন্য নতুন জাহাজ নির্মাণের ক্ষেত্রে স্পেসিফিকেশন পুননির্ধারণের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে কন্টেইনার ভেসেলের অনুমোদন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : খালিদ মাহমুদ চৌধুরী, এমপি
প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়
তারিখ : ০১-১১-২০২২ খ্রি.
সময় : সকাল ১০.০০ টা
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতির অনুমতিক্রমে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তরকে তাঁর বক্তব্য উপস্থাপনের অনুরোধ করেন।

১। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর তার বক্তব্যে উল্লেখ করেন যে, গত ১০-০৬-২০২১ তারিখ মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ কন্টেইনার শিপ ওনার্স এসোসিয়েশনের প্রতিনিধিদের সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক নৌপরিবহন অধিদপ্তরকে মাতারবাড়ী- পানগাঁও রুটে চলাচলের জন্য কন্টেইনারবাহী জাহাজের আকার পুননির্ধারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দায়িত্ব প্রদান করা হয়। সে অনুযায়ী নৌপরিবহন অধিদপ্তরের প্রধান প্রকৌশলী ও জাহাজ জরিপকারককে আহ্বায়ক করে ০৮(আট) সদস্য বিশিষ্ট একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হয়। তিনি উক্ত টেকনিক্যাল কমিটির আহ্বায়ক করার আহ্বান জানান প্রধান প্রকৌশলী ও জাহাজ জরিপকারককে প্রতিবেদনটি Power Point এর মাধ্যমে উপস্থাপন করার আহ্বান জানান।

২। গঠিত কমিটির আহ্বায়ক নৌপরিবহন অধিদপ্তরের প্রধান প্রকৌশলী ও জাহাজ জরিপকারক মোঃ মঞ্জুরুল কবীর তার উপস্থাপনায় জানান যে, বর্তমানে বাংলাদেশের কোস্টাল শিপিং রুটে চলাচলের জন্য স্পেসিফিকেশন অনুযায়ী সর্বোচ্চ দৈর্ঘ্য, প্রস্থ ও নিমজ্জিত গভীরতা (ড্রাফট) যথাক্রমে ৮৩.০০ মিটার, ১৫.০০ মিটার, ও ৪.০০ মিটার নির্ধারণ করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, পানগাঁও কন্টেইনার টার্মিনালের নিকটবর্তী ফতুল্লা এলাকায় নদী তীরবর্তী প্রচুর স্থাপনা রয়েছে। এই স্থাপনাগুলো নদীর কার্যকর প্রস্থ কমিয়ে দিয়েছে। শুধুমাত্র নদীর প্রস্থই নয়, আলোচ্য রুটে সর্বনিম্ন ব্রিজ ক্লিয়ারেন্স এর বিষয়টিও বিবেচনা করা প্রয়োজন।

তিনি আরও জানান যে, আলোচ্য রুটের ফতুল্লা পয়েন্টে ৯২.০০ মিটার এর যাত্রীবাহী জাহাজ কোনরূপ অসুবিধা ছাড়াই চলাচল করছে। এই জাহাজগুলোর বাউ প্রাস্টার নেই। সে তুলনায় কন্টেইনার জাহাজের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকল্পে বাউ প্রাস্টার এবং টুইন ইঞ্জিন রাখা হলে তা জাহাজকে একই জায়গায় অবস্থান করে ৩৬০ ডিগ্রী মেনুভার করতে সক্ষম হবে।

বিদ্যমান জাহাজের দৈর্ঘ্য, প্রস্থ বাড়ানো হলে সে অনুযায়ী জাহাজটির দক্ষ নিয়ন্ত্রণ নিশ্চিত করতে বর্তমান মাস্টার/পাইলটদের দক্ষতা বৃদ্ধির বিষয়টি বিশেষ গুরুত্ব দেওয়া প্রয়োজন। এছাড়াও জাহাজের অপারেশনাল ড্রাফট সন্দীপ চ্যানেলের সর্বনিম্ন গভীরতার (বিআইডব্লিউটি ড্রাফট চার্ট মোতাবেক) বিবেচনায় ঠিক করা প্রয়োজন।

তিনি জানান যে, গত ০৪-০৪-২০২২খ্রিঃ তারিখ পানগাঁও কন্টেইনার টার্মিনাল হতে ফতুল্লা পর্যন্ত MV Harbour-1 জাহাজে কমিটির সদস্যবৃন্দ নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালকের উপস্থিতিতে নৌরুটি পরিদর্শন করেন। যাত্রাকালে আলোচ্য নৌরুটের ফতুল্লা পয়েন্টে সাউন্ডিং ৭.৭১ মিটার এবং সর্বনিম্ন কাওটাইল, দক্ষিণ কেরানীগঞ্জ পয়েন্টে ৫.৭০ মিটার পাওয়া যায়।

পরিশেষে তিনি জানান যে, ডিজাইন অনুযায়ী দৈর্ঘ্য, প্রস্থ ও ড্রাফট যথাক্রমে ৯১.০০ মিটার, ১৬.০০ মিটার ও ৪.৫ মিটার হলে তা ২৪০ (দুইশত চল্লিশ) TEU কন্টেইনার ধারণ করতে সক্ষম হবে। তবে বাস্তবে জাহাজ তৈরীর সময় দৈর্ঘ্য কিছুটা কম/বেশী হতে পারে বিধায় কিছু শর্ত সাপেক্ষে কোস্টাল শিপিং রুটে চলাচলের জন্য নতুন জাহাজ নির্মাণের ক্ষেত্রে মালিকদের/মালিকের নিজস্ব ঝুঁকিতে চলমান স্পেসিফিকেশনে দৈর্ঘ্য, প্রস্থ ও ড্রাফট যথাক্রমে ৯২.০০মিটার, ১৬.০০মিটার ও ৪.৫ মিটার এ বর্ধিত করণের ব্যাপারে বিবেচনা করা যেতে পারে।

৩। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান জানান যে, বাউ থ্রাস্টার এবং টুইন ইঞ্জিন থাকায় স্পেসিফিকেশন বর্ধিত করণের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। তবে সন্দীপ চ্যানেলের নাব্যতার বিষয়টি আরও যাচাই করা প্রয়োজন।

৪। বিআইডব্লিউটিএ এর চেয়ারম্যান উল্লেখ করেন যে, আপাতদৃষ্টিতে বিদ্যমান পরিস্থিতিতে ৪.৫ মিটার ড্রাফটের জাহাজ সন্দীপ চ্যানেল দিয়ে চলাচল করতে পারবে মর্মে ধারণা করা যায়। তবে সরেজমিনে যাচাই করে তিনি এ বিষয়ে তার মতামত প্রদান করবেন।

৫। পায়রা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান উল্লেখ করেন যে, পায়রা বন্দরের কার্যক্রম শীঘ্রই শুরু হবে। এ কারণে পায়রা বন্দর থেকে কোস্টাল রুটে চলাচলের জন্য জাহাজের স্পেসিফিকেশনও তৈরি করা প্রয়োজন।

৬। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক। সরেজমিনে যাচাই পূর্বক ৪.৫ মিটার ড্রাফটের জাহাজ সন্দীপ চ্যানেল দিয়ে চলাচল করতে পারবে কিনা বিআইডব্লিউটিএ থেকে এ বিষয়ে ইতিবাচক মতামত পাওয়া সাপেক্ষে মাতারবাড়ী-পানগাঁও রুটে চলাচলের জন্য নতুন জাহাজ নির্মাণের ক্ষেত্রে মালিকের নিজস্ব ঝুঁকিতে চলমান স্পেসিফিকেশনে যথাক্রমে দৈর্ঘ্য, প্রস্থ ও ড্রাফট যথাক্রমে ৯২.০০মিটার, ১৬.০০মিটার ও ৪.৫ মিটার এ বর্ধিত করণের ব্যাপারে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বিবেচনা করা যেতে পারে:

১) কন্টেইনার জাহাজকে সর্বাবস্থায় বিআইডব্লিউটিএ কর্তৃক প্রদত্ত ড্রাফট চার্ট মোতাবেক জাহাজ পরিচালনা করতে হবে।

(২) জাহাজের বাউ থ্রাস্টার বাধ্যতামূলকভাবে স্থাপন করতে হবে।

(৩) পানগাঁও কন্টেইনার টার্মিনালে আগমন ও বর্হিগমনের সময় সার্বক্ষনিক পাইলট নিয়োগ করতে হবে।

খ। ফতুল্লা এলাকার বুড়িগঙ্গা নদীর সরু পয়েন্টের জাহাজের মেন্যুভারিং বিবেচনায় নদীর যথাযথ প্রস্থ নিশ্চিতকল্পে বিদ্যমান ঝুঁকিপূর্ণভাবে নোঙরকৃত জাহাজসমূহকে অন্যত্র সরিয়ে নিতে হবে।

গ। মোংলা এবং পায়রা বন্দর থেকে কোস্টাল রুটে চলাচলের জন্য জাহাজের স্পেসিফিকেশন নির্ধারণ করতে হবে। বিদ্যমান কমিটির সাথে উভয় বন্দরের প্রতিনিধি নিয়ে গঠিত কমিটি এ বিষয়ে প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে পেশ করবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ:- ২৩-১১-২০২২

(খালিদ মাহমুদ চৌধুরী, এমপি)

প্রতিমন্ত্রী

নৌপরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০২৪.০০১.২৬.২২- ২৫৫


তারিখ:- ২৭-১১-২০২২।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। চেয়ারম্যান, চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (জাহাজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।



(মোহাঃ আমিনুর রহমান)

উপসচিব

ফোন : ২২৩৩৮০৭৮৬।